গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-৫৮.০১.০০০০.১০১.৪৪.০৪৬.২৩.৪৫১

তারিখঃ ০৬ চৈত্র ১৪৩০
২০ মার্চ ২০২৪

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব নান্নু কাজী, পিতা-কাজী নাজিম উদ্দীন, মাতা-আছিয়া বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- পূর্ব্ব হরিনাহাটী, ডাকঘর-হরিনাহাটি, থানা- কোটালীপাড়া, জেলা-গোপালগঞ্জ, বর্তমানে উপ-সহকারী পরিচালক হিসেবে ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা (সংযুক্তঃ বেসিক ক্লিয়ারেন্স শাখা, পার্সোনালাইজেশন কমপ্লেক্স, উত্তরা) কর্মরত আছেন; এবং

০২। যেহেতু, তিনি বিভিন্ন অনৈতিক ও অনিয়মের আশ্রয় গ্রহণপূর্বক ই-পাসপোর্টের এনরোলমেন্ট আই.ডি নম্বর 5012-000000402 বেসিক ক্লিয়ারেন্স মডিউল হতে অবমুক্তকরণের ক্ষেত্রে স্বীয় ইউজার আইডি (kazinan) ব্যবহারের মাধ্যমে সরকারি বিধি-বিধান লঙ্ঘন করেছেন। তিনি তার উপর অর্পিত ক্ষমতার অপব্যবহার করে বিধি-বিধান লঙ্ঘনের মাধ্যমে ব্যক্তিগতভাবে আর্থিক লাভবানের উদ্দেশ্যে এ ধরণের জাল-জালিয়াতির আশ্রয় নিয়েছেন এবং তিনি বেসিক ক্লিয়ারেন্স মডিউল হতে আইডি অবমুক্তকরণের ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক জারিকৃত পরিপত্রের নির্দেশনাসমূহ প্রতিপালন না করে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা করেছেন; এবং

০৩। যেহেতু, উল্লেখিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং ৩(ঘ) অনুযায়ী 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ১৬/২০২৩ রুজু করতঃ ২৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৪.০৪৬.২৩.১৭০৯ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; এবং

০৪। যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানি গ্রহণের জন্য অনুরোধ করেন; তার আবেদন অনুযায়ী বিগত ৩০/১০/২০২৩ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানি অন্তে তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য উপপরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কেরানিগঞ্জ, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৫। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি ই-পাসপোর্টের এনরোলমেন্ট আইডি নম্বর 5012-000000402 এর আবেদনকারীর মাতার নাম (সম্পূর্ণ) পরিবর্তনের ক্ষেত্রে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের পরিপত্রের নির্দেশনানুযায়ী পুলিশ প্রতিবেদন আবশ্যিক হলেও তিনি তা না করে বেসিক চেক ক্লিয়ারেন্স মডিউল হতে অবমুক্ত করেছেন। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) উপবিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

০৬। যেহেতু, নথিপত্র পর্যালোচনা, সংশ্লিষ্ট বিধি-বিধান, সার্বিক বিষয় পর্যালোচনায় এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

০৭। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব নান্নু কাজী, উপ-সহকারী পরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (সংযুক্তঃ বেসিক ক্লিয়ারেন্স শাখা, পার্সোনালাইজেশন কমপ্লেক্স, উত্তরা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে বর্ণিত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালাম, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে ০২(দুই) বছরের জন্য " বার্ষিক বর্ধিত বেতন স্থগিত" লঘুদণ্ড আরোপ করা হলো।

০৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/৩/২৪
মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার
বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক

(চলমান পাতা/০২)

নং-৫৮.০১.০০০০.১০১.৪৪.০৪৬.২৩. ৪৫৯

তারিখঃ ০৬ চৈত্র ১৪৩০ / ২০ মার্চ ২০২৪

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ</u>

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস, ................।
৬। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ...................................।
৭। উপপরিচালক (ক্রয় ব্যবস্থাপনা)/(পাসপোর্ট)/(ভিসা)/(হিসাব ও নিরীক্ষা)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)/(সিআই), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সহকারী পরিচালক (ক্রয় ব্যবস্থাপনা)/(পাসপোর্ট)/(ভিসা)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)/ (পরিকল্পনা ও উন্নয়ন)/(সিআই)/(হিসাব ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট ও ভিসা), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। জনাব নান্নু কাজী, উপ-সহকারী পরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (সংযুক্তঃ বেসিক ক্লিয়ারেন্স শাখা, পার্সোনালাইজেশন কমপ্লেক্স, উত্তরা)।
১৩। সংশ্লিষ্ট নথি।

(মোঃ সালেহ উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৯১২৬৯৭০
adadmin@passport.gov.bd